

আদমের মত আমরা প্রত্যেকে পাপ করেছি

আমাদের পাপ আমাদের দোষী সাব্যস্ত করেছে, লাঞ্চিত করেছে এবং আমাদের বন্দী করেছে

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই S4b অধ্যয়ন পাঠ করা উচিত।

প্রার্থনা : “প্রভু যীশু, তুমি আমাদের পাপের পরিণতি থেকে উদ্ধার করার জন্য মৃত্যুবরণ করেছিলে। অনুগ্রহ করে, আমাদের পাপের সঙ্গে মোকাবিলা করতে এবং পাপের ওপর বিজয় লাভ করে জীবন যাপন করতে সাহায্য কর। আমেন।”

বর্তমান প্রয়োজন এবং স্থানীয় রীতি অনুসারে মানানসই কার্যকলাপ পছন্দ করুন।

১. আপনার উপাসক মণ্ডলীকে তাদের পাপ নিয়ে কাজ করতে সাহায্য করার জন্য প্রার্থনা করুন এবং ঈশ্বরের বাক্য দ্বারা নিজেকে প্রস্তুত করুন।



বাইবেল শিক্ষা দেয় যে প্রত্যেকে পাপে জন্ম গ্রহণ করেছেন সকলেই পাপী এবং প্রত্যেকেই পাপ করেছেন (১ যোহন ১ঃ৮-১০)

আদি ৩ঃ১-৯ পদে খুঁজে দেখুন, কোথা থেকে পাপ এসেছিল :

- দিয়াবল আমাদের প্রথম পূর্বপুরুষদের কাছে কি মিথ্যা কথা বলেছিল? (৪ ও ৫ পদ)
- দিয়াবলের বিরুদ্ধে ঈশ্বর কি শাস্তি ঘোষণা করেছিলেন? (১৩-১৫ পদ)
- আমাদের পূর্বপুরুষদের বিরুদ্ধে ঈশ্বর কি শাস্তি ঘোষণা করেছিলেন? (১৬-১৯ পদ)
- গীত ৫১ঃ১-৫ পদে খুঁজে দেখুন, রাজা দায়ুদ তাঁর পাপ সম্পর্কে কি বলেছিলেন?
- তিনি তাঁর কি প্রয়োজনের বিষয় চিহ্নিত করেছিলেন? (১ ও ২ পদ)
- তিনি তাঁর পাপের বিষয় কি বলেছিলেন? (৩ পদ)
- তিনি কার বিরুদ্ধে পাপ করেছিলেন? (৪ পদ)

- তিনি কখন পাপীতে পরিণত হয়েছিলেন? (৫ পদ)

ইব্রীয় ১২ঃ১-৪ পদে খুঁজে দেখুন, আমাদের পাপ কত বিপদজনক :

- কত দ্রুত আমরা বিশ্বাসীরা পাপে পতিত হই? (১ পদ)
- আমাদের পাপের জন্য যীশুকে ক্রুশে কি সহ্য করতে হয়েছিল? (২ পদ)
- অন্যান্য পাপীদের জন্য আমাদের প্রতি কি ঘটতে পারে? (৩ পদ)
- কেন আমরা অনেক সময় পাপের প্রতি নিজেদের সমর্পণ করি? (৪ পদ)

আমাদের পাপ তিনটি ভয়ঙ্কর পরিণতি আনে : অপরাধ, লজ্জা এবং দাসত্ব বন্ধন।

১) অপরাধ : ঈশ্বরের সন্মুখে আমরা দোষী হই।

- একজন অপরাধীকে যেমন আদালতে আইনের দ্বারা বিচার করা হয় এবং বিচারক কর্তৃক অপরাধী সাব্যস্ত হতে হয়, সেইভাবে আমাদেরকেও অবশ্যই ঈশ্বরের কাছে আমাদের অপরাধের হিসাব দিতে হবে।
- সৌভাগ্যবশতঃ, খ্রীষ্ট ক্রুশে আমাদের পাপ গ্রহণ করেছিলেন এবং সেখানে আমাদের পরিবর্তে তিনি মৃত্যুবরণ করেছিলেন। এই কারণে যীশুকে যারা বিশ্বাস, ঈশ্বর তাদের সমস্ত পাপ ক্ষমা করেন।

২) লজ্জা : ঈশ্বরের সন্মুখে আমরা লজ্জাবোধ করি।

- একজন লোক যেমন যেমন লজ্জাজনক কাজ করতে গিয়ে ধরা পড়লে লজ্জিত হন, একইভাবে আমরা মানুষেরা ঈশ্বরের সন্মুখে ভীষণভাবে লজ্জাভোগ করি, যখন তিনি চূড়ান্ত বিচারে আমাদের প্রত্যেকের পাপ প্রকাশ করবেন।



- কিন্তু - ঈশ্বরকে ধন্যবাদ - যীশু খ্রীষ্ট আমাদের পরিবর্তে জনতার লজ্জা ভোগ করেছিলেন, যাতে তিনি যখন ফিরে আসবেন, তখন আমরা যেন লজ্জিত না হই।

৩) দাসত্ব বন্ধনঃ আমরা পাপপূর্ণ অনুশীলনের দাসত্ব বন্ধনে আবদ্ধ হই।

- মদ্যপায়ীদের মত যারা মদ্যপান বন্ধ করতে পারেন না এবং তাদের এই নেশার জন্য তাদের পরিবার ধ্বংস হয়ে যায়। একইভাবে আমরা মদ, মাদক দ্রব্য, যাদু, মিথ্যা দেবদেবী, অনৈতিক কার্যকলাপ এবং অবৈধ সম্পর্কের মত পাপপূর্ণ কাজে আসক্ত হয়ে পড়ি।
- কিন্তু ঈশ্বরের প্রশংসা হোক! যীশু যখন আমাদের জন্য ক্রুশে মৃত্যুবরণ করেছিলেন, তখন তিনি মন্দ শক্তিকে ধ্বংস করেছিলেন।

২. পরবর্তী সপ্তাহের কার্যকলাপের বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

আপনার উপাসক মণ্ডলীর প্রয়োজন যাতে ক্ষমা প্রাপ্ত এবং মুক্ত হয়, সেই বিষয়ে একসাথে প্রার্থনা করুন।

- কোন্ কোন্ সদস্যদের তাদের পাপ কাজের জন্য ঈশ্বরের ক্ষমা লাভের প্রয়োজন তাদের সঙ্গে দেখা করুন, তাদের পাপ স্বীকার করতে সাহায্য করুন, তাদের প্রভুর ভোজ দিন এবং ক্ষমা জানার জন্য তাদের সঙ্গে প্রার্থনা তাদের বিগত জীবনধারার জন্য লজ্জবোধ করছেন?
- তাদের কাছে যান, তাদের কাছে ব্যাখ্যা করুন যীশু কিভাবে তাদের হয়ে লজ্জা বহন করেছিলেন এবং তাদের লজ্জা থেকে উদ্ধার লাভের জন্য প্রার্থনা করুন।
- কোন কোন সদস্যদের আসক্তি থেকে মুক্ত হওয়া প্রয়োজন? তাদের কাছে যান তাদের বদ অভ্যাসগুলো ত্যাগ করতে সাহায্য করুন। তাদের প্রতি আপনার নিয়মিত যত্নের বিষয় নিশ্চয়তা দিন যবং তাদের মুক্তির জন্য প্রার্থনা করুন। এই সমস্ত সদস্যদের ১ যোহন ২ঃ২৮ পদটি মুখস্ত করতে সাহায্য করুন।

৩. আসন্ন আরাধনার জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

আদি ৩ অধ্যায় থেকে আদম হবার এবং তাদের পতনের গল্পটি বলুন অথবা অভিনয় করে দেখান। ভাগ ১ এর তালিকাভুক্ত প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন।

দায়ুদের পাপের বিষয় তিনি কি বলেছিলেন তা ব্যাখ্যা করুন এবং ভাগ ১ এর প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন।

ভাগ ১ এর উল্লেখিত রোমীয় ৩ঃ১৯-২৩, ১ যোহন ৫ঃ১৬-১৯ এবং ইব্রীয় ১২ঃ১-৪ পদের সত্যগুলো সংক্ষেপে ব্যাখ্যা করুন।

যে বিশ্বাসীগণ সম্প্রতি তাদের বদ অভ্যাস থেকে অথবা ভূতগ্রস্ততা থেকে মুক্ত হয়েছেন তাদের সাক্ষ্য দিতে দিন।

শিশুদের নাটকটি উপস্থাপন করতে দিন এবং যে প্রশ্নগুলো তারা তৈরী করেছে তা জিজ্ঞাসা করতে দিন।

প্রেরিত ১৯ঃ১১-২০ পদ পাঠ করুন অথবা অভিনয় করুন। লোকেরা কিভাবে তাদের পাপ স্বীকার করবে এবং যাদুক্রিয়ায় বন্ধন পরিত্যাগ করবে সেই বিষয় ব্যাখ্যা করুন। এইভাবে তারা ক্ষমা লাভ করেছেন, লজ্জামুক্ত হয়েছেন এবং মন্দ আত্মার বন্ধন থেকে স্বাধীন হয়েছেন।

প্রভুর ভোজের বিষয়টি প্রবর্তনের জন্য আদি ৩ঃ৬-১০ এবং পদ পাঠ করুন। ব্যাখ্যা করুন যে আদম এবং হবা ডুমুর গাছের পত্র দ্বারা নিজেদের লজা নিবারন করার চেষ্টা করেছিলেন। কিন্তু ঈশ্বর তাদের পশু চর্মদ্বারা আচ্ছাদিত করেছিলেন, কারণ আমাদের পাপকে অবশ্যই নিষ্পাপ রক্ত দ্বারা ঈশ্বরের দৃষ্টি থেকে গোপন করতে হবে। পশু বলিদান আমাদেরকে ঈশ্বরের মেঘশাবক যীশু খ্রীষ্টের বিষয়ে ভবিষ্যৎবাণী করেছিলেন। যিনি আমাদের সমস্ত পাপ গ্রহণ করেছিলেন।

দুতিন জনের ছোট ছোট দল গঠন করুন। তাদেরকে যেকোন পাপ স্বীকার করতে এবং ক্ষমা ও মুক্তির জন্য পরস্পরের জন্য প্রার্থনা করতে দিন।

যিশাইয় ১ঃ১৮ পদটি একসঙ্গে মুখস্থ করুন।